দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 MAY 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

12

# পরীক্ষা কেন্দ্রের পবিত্রতা যে কোন মূল্যে রক্ষা করিতে হইবে

। কাজী জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদ গতকাল (শনিবার) এস, এস, সি, পরীক্ষার দ্বিতীয় দিনে আকস্মিক-ভাবে ধামরাই ও সাভার উপজেলার কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। তিনি হার্ডিঞ্জ হাইস্কুল, ধামরাই সরকারী কলেজ ও অধরচন্দ্র স্কুলের পরীক্ষা কেন্দ্রগুলি ঘুরিয়া

(২য় পৃঃ দ্রঃ)

## কাজী জাফর

(১ম পৃঃ পর)

দেখেন। শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী পরীক্ষা কেন্দ্রের পরিদর্শক এবং প্রশাসন ও আইনপ্রয়োগকারী সংস্থার সদস্য-দের বলেন, সুষ্ঠু ও শান্তিপুর্ণভাবে পরীক্ষা গ্রহণে সরকারের অংগী-কার পূরণে তাহাদের আন্তরিক অবদান রাখিতে হইবে। তিনি বলেন, সরকার যোগ্য ছাত্র-ছাত্রীদের মেধার বিচার নিশ্চিত করিতে এবং পরীক্ষা কেন্দ্র হইতে দুর্নীতি ও নকলবাজি সমূলে উচ্ছেদ করিতে দৃঢ়সংকল্প। কাজী জাফর বলেন, পরীক্ষা কেন্দ্রের পবিত্রতা যেকোন মূল্যে আমাদের রক্ষা করিতেই হইবে। তরুণ সমা-জকে গড়িয়া তুলিতে শিক্ষামানের সঙ্গে আমরা আপোষ করিতে পারি না। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এবং ঢাকার জেলা প্রশাসক প্রধানমন্ত্রীর সাথে ছিলেন। —তথ্য বিবরণী।